# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
(Residential Autonomous College under University of Calcutta)

**B.A./B.Sc. FIFTH SEMESTER EXAMINATION, DECEMBER 2014**
**THIRD YEAR**
**BENGALI (Honours)**

Date : 23/12/2014
Time : 11 am – 3 pm
Paper : VI
Full Marks : 100

১। যেকোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। (১ × ১০)

ক) নাটক আর উপন্যাস দুটিতেই থাকে গল্প। তবুও সংরূপের বিচারে এরা আলাদা। কোন্ বৈশিষ্ট্যের মানদণ্ডে এই দুটি সংরূপ আলাদা হয়ে যায়, তা উদাহরণসহ সংক্ষেপে আলোচনা করো।

খ) মনস্তাত্ত্বিক উপন্যাস আর চেতনাপ্রবাহধর্মী উপন্যাস দুটিতেই থাকে মানব-মনোলোকের ভিতরে ঢোকার চেষ্টা। তবুও এরা আলাদা। কেন এবং কী করে—দৃষ্টান্ত দিয়ে বোঝাও।

২। যেকোনো **একটি** বিষয় নিয়ে আলোচনা করো। (১ × ৪)

ক) উপন্যাসের প্লট

খ) উপন্যাসে চরিত্র

৩। যেকোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। (১ × ১০)

ক) খণ্ড কবিতা ও গীতিকবিতার আধিপত্যের যুগে আখ্যানকাব্য ও মহাকাব্যের অবসান অবশ্যম্ভাবী—বিষয়টি আলোচনা করো।

খ) ছড়া বলতে কী বোঝায়? এটি কি কেবল লোকায়ত সাহিত্যের সংরূপ হিসেবেই সীমাবদ্ধ? আলোচনা করো।

৪। যেকোনো **একটি** বিষয় নিয়ে আলোচনা করো। (১ × ৪)

ক) ভিলানেল

খ) হাইকু

৫। যেকোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। (১ × ১০)

ক) রূপক-সাংকেতিক নাটকের সংজ্ঞা নির্দেশ করে উদাহরণসহ আলোচনা করো।

খ) ট্র্যাজেডির প্লট ও চরিত্র নিয়ে অ্যারিস্টটলের বক্তব্য আলোচনা করো। এই বক্তব্যকে তুমি কতটা সমর্থন করো, তা জানাও।

৬। যেকোনো **একটি** বিষয় নিয়ে আলোচনা করো। (১ × ৪)

ক) ক্যাথারসিস

খ) লোকনাট্য

৭। যেকোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। (১ × ১০)

ক) রম্যরচনার সংজ্ঞা ও বৈশিষ্ট্য উল্লেখ করে বাংলা রম্যরচনার ধারা সম্পর্কে সাধারণ পরিচয় দাও।

খ) ভ্রমণসাহিত্যের বৈশিষ্ট্য আলোচনা করে একটি বাংলা ভ্রমণকাহিনিতে এই বৈশিষ্ট্য কতটা ফুটেছে, তা দেখাও।

৮। যেকোনো **একটি** বিষয় নিয়ে আলোচনা করো। (১ × ৪)

ক) পত্রসাহিত্য

খ) ডায়েরিসাহিত্য

৯। যেকোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। (১ × ১০)

ক) বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে প্রসন্ন ঠাকুরের হিন্দু থিয়েটারের ভূমিকা নিয়ে আলোচনা করো।

খ) আশুতোষ দেব বা ছাতুবাবুর নাট্যশালা সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

১০। যেকোনো **একটি** বিষয় নিয়ে আলোচনা করো। (১ × ৪)

ক) বেলগাছিয়া নাট্যশালা

খ) জোড়াসাঁকো নাট্যশালা

১১। যেকোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। (১ × ১১)

ক) বাংলা আধুনিক কবিতার বিষয়গত ও আঙ্গিকগত বৈশিষ্ট্যগুলি নিয়ে আলেচনা করো।

খ) বিষ্ণু দে ও জীবনানন্দের কবিতায় পাশ্চাত্য প্রভাবের তুলনামূলক আলোচনা করো।

১২। যেকোনো **একটি** বিষয় নিয়ে আলোচনা করো। (১ × ৪)

ক) বন্দীর বন্দনা

খ) অর্কেস্ট্রা

১৩। যেকোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। (১ × ১১)

ক) 'উটপাখি' কবিতাটিতে একটি মরুভূমি-প্রায় জীবনের মধ্যে মানুষের বাঁচার প্রয়াসের কথা একটি রূপকের মাধ্যমে ফুটে উঠেছে। কবিতাটির অনুপুঙ্খ আলোচনার মাধ্যমে বিষয়টি ফুটিয়ে তোলো।

খ) 'মেলাবেন' —এই কথাটি বারবার ধ্রুবপদের মতো ব্যবহার করে কবি কোন্ মেলানোর কথা কেন বলতে চাইলেন? এই মেলানোর কাজে কাকে তিনি একমাত্র নির্ভর রূপে খুঁজে পেলেন? এই ভাবনাতেই কি কবি 'আধ্যাত্মিক' কবি হয়ে উঠলেন? প্রাসঙ্গিক কবিতাটি আলোচনা করে বিষয়গুলি বোঝাবার চেষ্টা করো।

১৪। যেকোনো **একটি** বিষয় নিয়ে আলোচনা করো। (১ × ৪)

ক) 'আদিম হিংস্র মানবিকতার যদি আমি কেউ হই' —এই কথাগুলির তাৎপর্য কী?

খ) 'চুল তার কবেকার অন্ধকার বিদিশার নিশা'— 'অন্ধকার' তথা 'নিশা'র তাৎপর্য ব্যাখ্যা করো।